সংলগ্নী-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ডিএসএল অধিশাখা।

নং- অম/ অবি/ ডিএসএল-২/বিবিধ-৫/০৬/৩২৫ তারিখঃ ১৭/০৬/০৭ খ্রিঃ।

বিষয় ঃ স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত/ স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ঋণের অর্থ অবমুক্তির সরকারী আদেশে (জি ও) প্রয়োজনীয় তথ্যাবলী উল্লেখ করণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক বিভিন্ন স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত/ স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠান সমূহের অনুকূলে চুক্তির মাধ্যমে ঋণ প্রদান করা হয়ে থাকে। অনেক সময় চুক্তি সম্পাদনের পূর্বেই সরকারী আদেশের (জি ও) মাধ্যমে অর্থ ছাড় করা হয়ে থাকে। উভয় ক্ষেত্রেই যথাযথভাবে ঋণের হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য ন্যূনতম কিছু তথ্যের প্রয়োজন হয়। ঋণের অর্থ ছাড়ের সরকারী আদেশে কোন কোন ক্ষেত্রে কিছু গুরুতপূর্ণ তথ্যের ঘাটতি থাকে। ফলে ঋণের হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনায় সমস্যার সৃষ্টি হয়। এ অবস্থা নিরসনকল্পে সরকারী আদেশে (জি ও) যে সমস্ত তথ্যাবলী উল্লেখ থাকা দরকার সেগুলি নিম্নে বর্ণিত হল ঃ

ক্রমিক নং	তথ্যের বিবরণ	মন্তব্য
1.	প্রতিষ্ঠান/ এজেন্সির নাম এবং কোড নম্বর	
2.	প্রকল্পের নাম	
3.	ঋণের নাম ও কোড নম্বর	
4.	বরাদ্দকৃত অর্থ ঋণ না অনুদান সুস্পষ্টরূপে উল্লেখ করা	
5.	বরাদ্দকৃত অর্থের পরিমাণ	
6.	ঋণ পরিশোধের সময়সীমা	
7.	গ্রেস পিরিয়ড	
8.	সুদের হার	
9.	ঋণ পরিশোধের ধরণ বা মোড অব রিপেমেন্ট	
10.	ঋণ পরিশোধের কিস্তির সংখ্যা	
11.	প্রতি কিস্তিতে পরিশোধিতব্য আসল ও সুদের পরিমাণ	

এমতাবস্থায়, ঋণের অর্থ ছাড়ের সরকারী আদেশে (জি ও) উপরিবর্ণিত তথ্যাদি উল্লেখ করার জন্য এবং উক্ত সরকারী আদেশের একটি কপি ডিএসএল অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ

(মোঃ এখলাছুর রহমান)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫১১৬০|

বিতরণ ঃ ১। সচিব ----------মন্ত্রণালয়/ বিভাগ (সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ)

২। যুগ্ম-সচিব (বাজেট-১/ বাজেট-২), অর্থ বিভাগ।